

📖 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৪৯৩

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ইমাম খুতবা প্রদান কালীন সময়ে কোন ব্যক্তি মসজিদে প্রবেশ করলে, তার জন্য জরুরী হলো তিনি দুই রাকাত সালাত হালকা করে আদায় করবেন

ذَكَرُ الْبَيَّانِ بَأَنَّ عَلَى الدَّخْلِ الْمَسْجِدِ أَنْ يَصْلِيَ رَكَعَتَيْنِ وَيَتَجَوَّزَ فِيهِمَا

আরবী

2493 - أَخْبَرَنَا مُحَمَّدُ بْنُ إِسْحَاقَ بْنِ سَعِيدِ السَّعْدِيِّ قَالَ: حَدَّثَنَا عَلِيُّ بْنُ خَشْرَمٍ قَالَ: أَخْبَرَنَا عَيْسَى عَنِ الْأَعْمَشِ عَنْ أَبِي سُفْيَانَ عَنْ جَابِرٍ قَالَ: جَاءَ سُلَيْكُ الْغَطَفَانِيُّ يَوْمَ الْجُمُعَةِ وَرَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَخْطُبُ - فَجَلَسَ فَقَالَ لَهُ: (يَا سُلَيْكُ قُمْ فَارْكَعْ رَكَعَتَيْنِ وَتَجَوَّزْ فِيهِمَا) ثُمَّ قَالَ: (إِذَا جَاءَ أَحَدُكُمْ يَوْمَ الْجُمُعَةِ وَالْإِمَامُ يَخْطُبُ فَلْيَرْكَعْ رَكَعَتَيْنِ وَلِيَتَجَوَّزَ فِيهِمَا)

الراوي : جَابِرُ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات

الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 2493 | خلاصة حكم المحدث: صحيح - ((صحيح أبي داود))

(1023): م.

বাংলা

২৪৯৩. জাবির রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, “রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম খুতবা দিচ্ছিলেন এমন অবস্থায় সুলাইক আল গাতফানী রাদিয়াল্লাহু আনহু মসজিদে প্রবেশ করে বসে যান। তখন রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম তাকে বলেন, “হে সুলাইক, উঠ, অতঃপর সংক্ষেপে দুই রাকাত সালাত আদায় করো।”

তারপর তিনি বলেন, “যখন তোমাদের কেউ জুমু‘আর দিন আসবে এমন অবস্থায় যে ইমাম খুতবা দিচ্ছেন, তবে সে যেন সংক্ষেপে দুই রাকা‘আত সালাত আদায় করে।”[1]

ফুটনোট

[1] সহীহ মুসলিম: ৮৭৫; সহীহ ইবনু খুযাইমাহ: ১৮৩৫; সুনান বাইহাকী: ৩/১৯৪; মুসান্নাফ আব্দুর রাযযাক: ৫৫১৪; দারাকুতনী: ২/১৩-১৪; মুসনাদ আহমাদ: ৩/২৯৭; আবু দাউদ: ১১১৭; মুসনাদ ইমাম শাফেঈ: ১/১৪০; আত তায়ালিসী: ১৬৯৫; দারেমী: ১/৩৬৪; সহীহ আল বুখারী: ৯৩০; তিরমিযী: ৫১০; নাসাঈ: ৩/১০৩; ইবনু মাজাহ: ১১১২; তাহাবী: ১/৩৬৫; ইবনুল জারুদ: ২৯৩; বাগাবী: ১০৮৩; নাসাঈ আল কুবরা: ২/৩৪০।

মুসনাদ আবী ইয়াল্লা: ১০৫; ইবনু মাজাহ: ১১১৪; আবু দাউদ: ১১১৬; মুসান্নাফ ইবনু আবী শায়বাহ: ২/১১০; তাহাবী: ১/৩৬৫।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবু দাউদ: ১০২৩)

হাদিসের মান: সহীহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি □ বর্ণনাকারীঃ জাবির ইবনু আবদুল্লাহ আনসারী (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=91819>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন